কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ। নভেম্বর ২০২২ খ্রি.

# জেলে বার্তা

participates in survival strategies of coastal poor
COAST Foundation
(১বর্ষ,৬ষ্ট সংখ্যা)

**SSF Gender Mainstreaming Governance in Ecosystem-based Coastal and Traditional Aquaculture Fishery Management**

মৎস্য ও আবাসস্থল ব্যবস্থাপনায় ক্ষুদ্র জেলে সম্প্রদায়ের (এসএসএফ) অন্তর্ভুক্তি ও সুশাসনকে উৎসাহিত করা। দ্বন্দ্ব বা মত বিরোধ সংক্রান্ত বিষয়গুলি মোকাবেলা করা এবং টেকসই মৎস্য, পরিবেশগত সুরক্ষা ও পুনরুদ্ধারের লক্ষ্যে পাশাপাশি কমিউনিটির টিকে থাকার জন্য কংক্রিট/বাস্তব নির্ভর পদক্ষেপ গ্রহণ করা। এ্যাডভোকেসি এবং নীতিমালা সংস্কারের মধ্য দিয়ে সামাজিক ও পরিবেশগত ন্যায়বিচারকে আরও শক্তিশালী করা।

## ক্ষুদ্র মৎস্যজীবী নারী সদস্যেদের জেন্ডার এবং লিডারশিপ প্রশিক্ষণ" অনুষ্ঠিত :




ভোলাঅ জেলা মৎস্য অফিসার জনাব মোল্লা এমদাদুল্যাহ বক্তব্য প্রদান করেন। ছবি রাশিদা

ভোলা ও কক্সবাজার ক্ষুদ্র মৎসজীবি পরিবারের ৪০ জন নারী সদস্যেদের ৩ দিন ব্যাপী জেন্ডার ও লিডারশিপ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। এ প্রশিক্ষণ কোর্সে সরকারী জেলা মৎস্য অফিসার, মহিলা বিষয়ক অফিসার, কোস্টের জেন্ডার ফোকাল সহায়ক হিসেবে শেসন পরিচালনা করেছেন। প্রশিক্ষণের উদ্দেশ্য ও নিয়মাবলী উপস্থাপন করে প্রকল্প প্রোগ্রাম অফিসার,সোহেল মাহমুদ এবং সার্বিক সহায়তা করেন মোঃ ইব্রাহিম-ফিনান্স অফিসার।





সেশন পরিচালনা করেন, যুগ্ম পরিচালক,কোস্ট । ছবি সোহেল

প্রশিক্ষণের সেশন সমূহ : জেন্ডার এবং সেক্স, সমাজে নারী -পুরুষ সম্পর্কে প্রচলিত ধারণা, সেক্স এবং জেন্ডার পার্থক্য, জেন্ডার বৈষম্যের কারণ, প্রচলিত চিন্তা -চেতনার কারণে আমাদের সমাজের নারী ও পুরুষ যে সমস্ত কাজ সমূহ করছে তা হলো : নারী কাজ পুরুষের কাজ ( দলীয় আলোচনা ), নারী - পুরুষের বৈষম্যে রোধে করণীয়, জেন্ডার সমতা, জেন্ডার সাম্য, জেন্ডার বিশ্লেষন, জেন্ডার লেন্স । নেতা কে, ভালো নেতার গুনাবলী, দল ভেঙ্গে যাওয়ার কারণ, সরকারি সেবাখাত পরিচিত, সম্মিলিতভাবে সেবা আদায় করার প্রবণতা। যে-কোন অন্যায়ে প্রতিবাদ করা ইত্যাদি।

## ক্ষুদ্র মৎস্যজীবী নারী সদস্যেদের নিয়ে বিকল্প অর্থনৈতিক " জলবায়ু সহিষ্ণু প্রযুক্তিতে কৃষি, পশুসম্পদ ও মৎস্য চাষ প্রশিক্ষণ" অনুষ্ঠিত :





বক্তব্য দেন উপজেলা সমবায় অফিসার,কক্সবাজার । ছবি : সোহেল মাহমুদ

কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার এবং বাগেরহাট উদয়ন বাংলাদেশ ৬টি ইউনিয়নের দিন ব্যাপী ক্ষুদ্র মৎস্যজীবি পরিবারের ১৬০ জন নারী সদস্যদের <u>**" বিকল্প অর্থনৈতিক জলবায়ু সহিষ্ণু প্রযুক্তিতে কৃষি, পশুসম্পদ ও মৎস্য চাষ "**</u> প্রশিক্ষণ হয়েছে। এ প্রশিক্ষণ কোর্সে সরকারি কৃষি,মৎস্য এবং প্রাণী সম্পদ অফিসার সহায়ক হিসেবে প্রশিক্ষণ পরিচালনা করেন। প্রশিক্ষণের সহায়ক হিসেবে আরো সেশন পরিচালনা করেন ,প্রোগ্রাম অফিসার,সোহেল মাহমুদ ও আব্দুল হালিম এবং সার্বিক সহায়তা করেন মোঃ ইব্রাহিম এবং মোঃ মোশারেফ হোসেন-ফিনান্স অফিসার। এই প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগন নিজ নিজ আঙ্গিনায় সবজি চাষ, গবাদি পশু পালন এবং ছোট -খাটো জলাশয়ে, পুকুরে মাছ চাষ করতে উৎসাহিত হয়েছে। আবার অনেকেই নকশী কাতাঁ,সেলাই, দর্জি কাজ, বাশঁ-বেত ও হস্তশিল্পের কাজ করবেন বলেন। এতে করে তাদের ছেলে মেয়েদের পড়া-লেখা ও পরিবারের আয়ের উৎস বৃদ্ধি পাবে। ফলে সুন্দর ভাবে বেচেঁ থাকতে পারবে। নারীরা অর্থনৈতিকভাবে ক্ষমতায়ন হবে।

## মাছ ধরা সরকারি নিষেধাজ্ঞা মেনে চলার জন্য সচেতনতা সৃষ্ঠি :

অক্টোবর,২০২২ইং মাসে বাগেরহাট এবং কক্সবাজার বিভিন্ন ওয়ার্ডে ২০০ জন প্রোগ্রাম অংশীজনের সাথে নারীদের সংসারের গৃস্থলি কাজের পাশাপাশি আয়বদ্ধমূলক কাজ করতে উৎসাহ প্রদান করা হয়। শিশুদের স্কুলে পাঠানো। শিশু বিবাহ না দেয়া। অবরোধকালীন সরকারের বিধি নিষেধ মেনে চলা। বিকল্প আয়ের জন্য পরিবারের পুরুষ সদস্যেদের উৎসাহিত করা। সরকারি ভাতা পাওয়ার জন্য লবি করা। কিশোরী নারীদের বয়োসন্ধিকালীন সু-স্বাস্থ্যের প্রতি যত্ন নেয়া, স্যানেটেশন প্যাড ব্যবহার, পরিস্কার-পরিচ্ছন্ন থাকা । বাড়ির আঙ্গিনায়



সবজি চাষ করে পুষ্টিকর খাবার গ্রহণ করা। পরিবেশ সুন্দর রাখা বিশেষ করে বাড়ির আশ-পাশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা। পরিবারের গর্ভবতিসহ সকলের স্বাস্থ্য বিষয়ে যত্নবান হওয়া। করোনা

## সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা নীতিমালা প্রকল্পের কর্মসূচি অংশীজনের সাথে আলোচনা সভা :



আলোচনা করেন, পিসি, রাশিদা বেগম। ছবি শারমিন

জনাব রাশিদা বেগম সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা এবং সেফ গার্ডিং বিষয়ে সদস্যেদের অবহিতকরণ করেন। সভার শুরুতে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে সভাটি পরিচালিত হয়েছে। তিনি বলেন কোস্টের সেবা গ্রহণ করার পাশাপাশি বিভিন্ন নীতিমালাও আপনাদের জানা জরুরী। যেমন : কোস্টের অভিযোগ করার নিয়ম-কানুন, জেন্ডার নীতিমালা, কোড অব কনডাক্ট, পিএসইএএইচ এবং সেফগার্ডিং ইস্যু ইত্যাদি। উল্লেখিত নীতিমালা সমূহ জানা থাকলে সংস্থার স্টাফ কর্তৃত কোন ধরণের হেনস্থার শিকার হলে ভয়হীনভাবে অভিযোগ করতে পারবেন । এছাড়াও যে- কোন ধরণের সহিংসতা বা নির্যাতনের শিকার হলের সরকারি সেবা গ্রহণ করতে হবে। জরুরী প্রয়োজনে ৯৯৯ নম্বরে কল করুন।

## আর্ন্তজাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন,২০২২

১৩ অক্টোবর,২০২২ আর্ন্তজাতিক ভোলা ও বাগের হাট ক্ষুদ্র মৎস্যজীবি সদস্যেদের নিয়ে সরকারি প্রোগ্রামের সাথে যৌথভাবে দিবসটি উদযাপন করা হয়েছে। দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল **“দুর্যোগে আগাম সর্তকবার্তা, সবার জন্য কার্যব্যবস্থা ”**। এই প্রতিপাদ্যের উপর র‌্যালী ও আলোচনা সভা এবং মহড়া হয়েছে।





আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন জেলা ত্রাণ ও দুযোগ অফিসার, ছবি, সোহেল

ভ্যাকসিন গ্রহন না করতে দ্রুত ভ্যাকসিন নেয়া। প্রাকৃতিক দুর্যোগের আগাম বার্তা শুনা এবং সেভাবে প্রস্তুতি গ্রহণ করা ইত্যাদি।

## ভোলায় আর্ন্তজাতিক গ্রামিণ নারী দিবস উদযাপন,২০২২





বক্তব্য প্রদান করেন পিসি-রাশিদা বেগম। ছবি : মোঃ ইব্রহিম

১৫ অক্টোবর,২০২২ ভোলা সদর প্রেসক্লাবের সামনে মানববন্ধনের মধ্যে দিয়ে আর্ন্তজাতিক গস্খামিণ নারী দিবস উদ্‌যাপন করা হয়েছে। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল **“ৎলবায়ু পরিবর্তনের প্রভাব নারীর বহুমাত্রি ঝুকি, এখনই প্রয়োজন জরুরী পদক্ষেপ গস্খহণ ”**। সকল অংশগ্রহণকারীদের প্রতিপাদ্য বিষয়ের উপর এশটি ব্রিফ পেপার দেয়া হয়েছে। প্রায় ১০০ জনের মতো অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে গ্রামের ৫জন সফল নারীকে সম্মননা প্রদান করা হয়েছে। ক্ষুদ্র মৎসজীবি পরিবারের নারী সদস্যেও মধ্যে সফল হিসেবে শারমিন বেগম ও জোসনা বেগম এ সম্মানণা পেয়েছেন। প্রোগ্রামে অংশগ্রহন করেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক, সংবাদকমী, নারী নেত্রী, ক্ষুদ্র মৎস্যজীবি পরিবারের নারী, এনজিও কমী, শিক্ষক, শিক্ষাথী এবং কোস্ট কমী প্রমুখ। প্রোগ্রামটি পরিচালনা করেন কোস্টের সিনিয়র সহকমী সোহেল মাহমুদ।

## আগামী নভেম্বর,২০২২ কাজের পরিকল্পনা :

| নং | কাজের বিবরণ | সংখ্যা |
| --- | --- | --- |
| ১. | ক্ষুদ্র মৎস্যজীবি পরিবারের নারীদের সচেতনতা সৃষ্টিমূলক সভা | ৬ টি |
| ২. | জেন্ডার ও নেতৃত্ব বিকাশের জন্য ক্ষুদ্র মৎস্যজীবি নারিদেও প্রশিক্ষণ | ২০জন |
| ৩. | নেটওয়াকিং ইস্যুতে ৩ জেলায় ৬০ জন ক্ষুদ্র জেলে সম্প্রদায়ের ৩দিনের প্রশিক্ষণ | ৬০ জন |
| ৪. | এসএসএফ পরিবারকে বিকল্প অথনৈতিক উন্নয়ন বা এর সুযোগ সম্পর্কে ১ দিনের অরিয়েন্টশন | ৫০ জন |
| ৫. | স্টাডি রির্পোটের জন্য ফিল্ডে এফজিডি, ইন্টারভিউ, তথ্য-উপাত্ত সংগ্রহ | ৯০০ জন |

## যোগাযোগ :

প্রকল্প সমন্বয়কারি, রাশিদা বেগম, প্রকল্প অফিস, চরনোয়াবাদ সার্কেট হাউজ রোর্ড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন । মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৮০২. এবং সোহেল মাহমুদ, প্রোগ্রাম অফিসার, মোবাইল নম্বর,০১৭১৩৩২৮৮৩২।